

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪১.০৩০.০০৩.২০২০- ৩৭২

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ  
১২ মে ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: (১) চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন শিয়ালমারী পশু হাটটি বিগত ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ১২% বৃদ্ধিতে ১৪২৭ বাংলা সনে ইজারা পাওয়ার জন্য আবেদন (২) কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলাধীন শিলখুড়ি ইউনিয়নের ধলডাঙ্গা খেয়া ঘাট/ফেরি ঘাটটি ইজারা প্রসঙ্গ।

- সূত্রঃ ১। জনাব মো: ফরহাদ হোসেন, পিতা- মো: ইয়াকুব আলী ব্যাপারী, ইজারাদার শিয়ালমারী পশু হাট জীবননগর, চুয়াডাঙ্গা এর আবেদন।  
২। জনাব মো: আ: ছামাদ গং, বীর মুক্তিযোদ্ধা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে (১) জনাব মো: ফরহাদ হোসেন, পিতা- মো: ইয়াকুব আলী ব্যাপারী, ইজারাদার শিয়ালমারী পশু হাট, জীবননগর, চুয়াডাঙ্গা ও (২) জনাব মো: আ: ছামাদ গং, বীর মুক্তিযোদ্ধা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম হতে প্রাপ্ত আবেদনের ছায়ালিপি প্রেরণপূর্বক স্থানীয় সরকার বিভাগ হতে জারিকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ও হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ধৃত আয় বন্টন সম্পর্কে জারিকৃত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....ফর্দ।

মোহাম্মদ ফজলে আজিম  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৭৬

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা - ৩৬৬,  
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম - ৭৬৬

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।  
২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৩। জনাব মো: ফরহাদ হোসেন, পিতা- মো: ইয়াকুব আলী ব্যাপারী, ইজারাদার শিয়ালমারী পশু হাট, জীবননগর, চুয়াডাঙ্গা।  
৪। জনাব মো: আ: ছামাদ গং, বীর মুক্তিযোদ্ধা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বরাবর,

সচিব

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
(স্থানীয় সরকার বিভাগ)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের কার্যালয়	
১) অতিরিক্ত সচিব	১) উপ-সচিব
২) মহাপরিচালক	২) উপ-সচিব (বিপায়া)
৩) যুগ্ম-সচিব	৩) উন্নয়ন
৪) যুগ্ম-প্রধান	৪) নগর উন্নয়ন
	৫) পল্লী
	৬) আই.
ডায়েরী নম্বর: ২৪/৩/২০২০	স্বাক্ষর

বিষয়: চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন শিয়ালমারী পশু হাটটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ তাং ২০.০২.২০১৮ অনুযায়ী হাটটি বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ১২% বৃদ্ধিতে বাংলা ১৪২৭ সনের জন্য ইজারা পাইবার আবেদন।

জনাব,

আমার বিনীত নিবেদন এই যে, আমি মো: ফরহাদ হোসেন, পিতা: মো: ইয়াকুব আলী ব্যাপারী, সাং- জীবননগর, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা। আমি একজন হাট ব্যবসায়ী ও বর্তমানে জীবননগর উপজেলাধীন শিয়ালমারী পশু হাটের ইজারাদার। গত ০৩(তিন) বছর যাবত আমি উক্ত হাট ইজারা নেই। বর্ডার গার্ড বাংলাদেশ ১৪২৬ সালে উক্ত হাটের উপর গরু বেচা-কেনায় প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ও সম্প্রতি করোনা ভাইরাসের কারণে বর্ডার বন্ধ থাকার কারণে আমি আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছি। বর্তমান আমি বাংলা ১৪২৭ সনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং -৪৬.৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ তাং ২০.০২.২০১৮ অনুযায়ী হাটটি বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ১২% বৃদ্ধিতে বাংলা ১৪২৭ সনের জন্য ইজারা নিতে আগ্রহী।

অতএব, আপনার নিকট বিনীত প্রার্থন, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন শিয়ালমারী পশু হাটটি স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং --৪৬. ৪১. ০৩০. ০১.০০.০০১.২০১৮-৯৩ তাং ২০.০২.২০১৮ অনুযায়ী হাটটি বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ১২% বৃদ্ধি করে আমার অনুকূলে ইজারা প্রদানের সু-ব্যবস্থা করিতে আপনার মর্জি হয়।

তারিখ: ২৪/৩/২০২০ইং

বিনীত নিবেদক

মো: ফরহাদ হোসেন

(মো: ফরহাদ হোসেন)

পিতা-মো: ইয়াকুব আলী ব্যাপারী  
ইজারাদার-শিয়ালমারী পশুহাট,  
চুয়াডাঙ্গা।

যোগাযোগ নং - ০১৭/৪৩০২৭৪০

স্থানীয় সরকার বিভাগ  
প্রাপ্তির তারিখ: ২৪/৩/২০  
নম্বর: ২৪/৩/২০